

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

আপীল বিভাগ, ঢাকা।

নং- ৬৪০/২০১৬-এস,সি (এডি)

তারিখঃ- ২৭/০৪/১৬

পুনঃকোটেশন আহ্বান

আপীল বিভাগে ব্যবহারের জন্য ৩টি প্রিন্টার ও ১টি স্ক্যানার ক্রয়ের নিমিত্ত প্রকৃত কম্পিউটার সংশ্লিষ্ট ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত পুনঃকোটেশন আহ্বান করা যাচ্ছে।

মালামালের বিবরণ

SL. No.	Description	Quantity
01	Item: Laser Printer, Brand: Canon, Model: LBP 3300	03 pcs
02	Item: Scanner, Brand: HP, Model: Scanjet 200	01 pcs

শর্তাবলী

- আগামী ২৪/০৪/২০১৬ ইং তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত আপীল বিভাগের প্রোগ্রামার-এর দপ্তরে রক্ষিত বাক্সে কোটেশন দাখিল করতে হবে এবং ঐ দিনই বেলা ১২:৩০ ঘটিকায় কোটেশন দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) কোটেশন বাক্স খোলা হবে।
- কোটেশনে দ্রব্যের মূল্য পৃথকভাবে উল্লেখ পূর্বক সর্বমোট মূল্য অবশ্যই উল্লেখ করতে হবে এবং হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স এবং আনুসঙ্গিক কাগজপত্রাদি সংযুক্ত করতঃ কোটেশন দাখিল করতে হবে। খামের উপর কোটেশন শব্দটি উল্লেখ করতে হবে।
- চাহিদাকৃত সরঞ্জামাদি নিজ খরচে আপীল বিভাগের কম্পিউটার শাখায় পৌঁছিয়ে দিতে হবে এবং সরবরাহকৃত মালামাল অবশ্যই আনকোরা নতুন হতে হবে।
- সরবরাহকৃত প্রিন্টার ও স্ক্যানারের ১ বৎসর সময়সীমা পর্যন্ত সম্পূর্ণ ওয়ারেন্টি/গ্যারান্টি প্রদান করতে হবে এবং ওয়ারেন্টিকালে সরবরাহকৃত প্রিন্টার ও স্ক্যানারের কোন প্রকার সমস্যা দেখা দিলে সরবরাহকারী প্রতিষ্ঠানকে অবহিতকরণের ৩(তিন) ঘন্টার মধ্যে অত্র কোর্টে এসে সমাধান করে দিতে হবে।
- কোটেশনের সহিত মোট উদ্ধৃত মূল্যের শতকরা ৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হবে। নগদ অর্থ গ্রহণযোগ্য নহে। ওয়ারেন্টি/গ্যারান্টি সময়সীমা পর্যন্ত প্রিন্টার ও স্ক্যানার সরবরাহকারী প্রতিষ্ঠানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরৎ দেওয়া হবে না।
- ইতোপূর্বে যে সকল প্রতিষ্ঠান চাহিদাকৃত পে-অর্ডারসহ দরপত্র দাখিল করেছে সে সকল প্রতিষ্ঠানের পুনঃকোটেশন দাখিলের ক্ষেত্রে পুনঃ পে-অর্ডার দাখিলের প্রয়োজন নেই। সেক্ষেত্রে পুনঃকোটেশনে শুধুমাত্র পূর্বের পে-অর্ডার নাম্বার ও তারিখ উল্লেখ করতে হবে।
- কার্যাদেশ প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে কোটেশনে উল্লেখিত ৩টি প্রিন্টার ও ১টি স্ক্যানার সরবরাহ পূর্বক প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করতে হবে এবং চালানসহ ৩(তিন) কপি বিল দাখিল করতে হবে।
- অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেঁড়া বা ফুইড ব্যবহৃত কোটেশন এবং নির্ধারিত সময়ের পরে কোন কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য নয়।
- কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন গ্রহণে বাধ্য নয় এবং কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ অথবা সকল কোটেশন বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

আদেশক্রমে
জেমস্ রিচার্ড ক্রুশ
ডেপুটি রেজিস্ট্রার
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।

প্রচারের জন্যঃ

- নোটিশ বোর্ড, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- নোটিশ বোর্ড, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- নোটিশ বোর্ড, সলিসিটর অফিস, ঢাকা।
- নোটিশ বোর্ড, জুডিসিয়াল সার্ভিস কমিশন অফিস, ঢাকা।
- বাংলাদেশ সুপ্রীম কোর্ট ওয়েব সাইট।